



-ঃ নিয়োগ বিজ্ঞপ্তি ঃ-

ঢাকা বিশ্ববিদ্যালয় ঃ- বিধি মোতাবেক প্রদেয় ভাতাদিসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের নিম্নলিখিত অফিসের শূন্য পদগুলির নামের পার্শ্বে উল্লেখিত বেতন স্কেল, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে লোক নিয়োগের জন্য আগ্রহী বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে ঃ-

১। চারুকলা অনুষদের ডিনের অফিস

কেয়ারটেকার টাঃ- ৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	১ (এক) টি	প্রার্থীকে সকল পরীক্ষায় দ্বিতীয় বিভাগ/শ্রেণিসহ ন্যূনতম স্নাতক পাস হইতে হইবে। বাংলা ও ইংরেজী টাইপসহ প্রার্থীকে কম্পিউটার ও ওয়েব সাইট অপারেটিং-এ দক্ষ হইতে হইবে। শিক্ষা জীবনে তৃতীয় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়। সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া যাইতে পারে।
--	-----------	--

২। হিসাব পরিচালকের অফিস

সহকারী হিসাব রক্ষক টাঃ- ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫)	১ (এক) টি	প্রার্থীকে সকল পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণি/সমমানের সি.জি.পি.এ.সহ স্নাতক (বাণিজ্য) পাস হইতে হইবে। শিক্ষাজীবনে কোন তৃতীয় বিভাগ/শ্রেণি/সমমানের সি.জি.পি.এ. গ্রহণযোগ্য নয়। প্রার্থীকে হিসাব নিকাশসহ বেতন বিল এবং অন্যান্য বিল প্রস্তুতকরণ সংক্রান্ত কাজের ০২(দুই) বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন হইতে হইবে। প্রার্থীর কম্পিউটার অপারেটিং-এ প্রশিক্ষণ আবশ্যিক।
--	-----------	--

আবেদনকারীদেরকে অবশ্যই আবেদনপত্রে তাহাদের শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট ও ডিগ্রী উল্লেখ করিতে হইবে। কোন তথ্য গোপন করিলে বা উল্লেখ না করিলে ভবিষ্যতে তাহাদের পরীক্ষা পাশের সার্টিফিকেট নথিতে সংযুক্ত করা হইবে না এবং বিধি অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হইবে। ইহাছাড়াও পদোন্নতি নীতিমালায় বর্ণিত পয়েন্ট সুবিধা প্রদান করা হইবে না।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৩০০/- (তিনশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়) এবং সকল পরীক্ষা পাসের সার্টিফিকেট ও প্রশংসা পত্রের সত্যায়িত প্রতিলিপিসহ সাদা কাগজে পূর্ণ জীবনবৃত্তান্ত উল্লেখপূর্বক রেজিস্ট্রারের বরাবর লিখিত দরখাস্ত আগামী ৩০-০৩-২০১৭ তারিখের মধ্যে ক্রমিক-১ এর আবেদনপত্র চারুকলা অনুষদের ডিনের অফিসে এবং ক্রমিক-২ এর আবেদনপত্র হিসাব পরিচালকের অফিসে পৌঁছাইতে হইবে।

চাকুরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল করিতে হইবে।